

AKASHVANI (Kolkata)

Regional News Unit

Date : 25-12-24

Desk in Charge :

Time : 7-50 PM

Compiling :

Opening Announcement আকাশবাণী, খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ আর্থিকভাবে পিছিয়ে পড়া পরিবারের পড়ুয়াদের সুলভে খাতা সরবরাহ করতে রাজ্য সরকারের বিশেষ উদ্যোগ।

২) DVC, রবি ও বোরো চাষের জন্য রাজ্যের পাঁচ জেলাকে ২'লক্ষ ৯ হাজার একর ফিট জল দেবে।

৩/ পাসপোর্ট জালিয়াতি কান্ডে দক্ষিণ ২৪ পরগণার দত্তপুকুর থেকে গ্রেপ্তার হওয়া ব্যক্তির আট দিনের পুলিশ হেফাজত।

৪/ রাজ্যে জঙ্গী অনুপ্রবেশ নিয়ে শাসক তৃণমূল কংগ্রেস ও বিরোধীদের জোড় চাপান-উতোর।

৫/ আজ বড়দিন। উৎসবে জমজমাট কলকাতা সহ রাজ্যের বিভিন্ন এলাকা।

আর্থিকভাবে পিছিয়ে পড়া পরিবারের পড়ুয়াদের সুলভে খাতা সরবরাহ করতে রাজ্য সরকার উদ্যোগী হয়েছে। এই উদ্দেশ্যে রাজ্যের ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প দফতর, শিক্ষাসাথী ব্র্যান্ডের আওতায় তিন রকম আকার ও মানের খাতা তৈরি করছে।

ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প দফতরের নিজস্ব প্রকাশনা সংস্থাতে এই খাতাগুলি তৈরি হবে। তিন ধরনের খাতার মধ্যে দু'টি ১৬০ পৃষ্ঠার। সেগুলির দাম ৭০ টাকা করে। অন্যটি ১০০ পাতার, সেগুলির দাম ৩৭ টাকা করে।

দুই বর্ধমান সহ বাঁকুড়া, হাওড়া, হুগলী এই পাঁচ জেলায় রবি ও বোরো চাষের জন্য ২ লক্ষ ৯ হাজার একর ফিট জল দেবে DVC। এর ফলে পাঁচ জেলা ৬৬ হাজার ৬৫০ একর জমিতে বোরো চাষের জল পাবে। পূর্ব বর্ধমানের ৩৭ হাজার একর জমিতে বোরোর জন্য জল পাওয়া যাবে। গতবারের তুলনায় এবার ১০ হাজার একর বেশি জমিতে জল মিলবে। পূর্ব বর্ধমানের জেলাপরিষদের সেচ কর্মাধ্যক্ষ মেহেবুব মন্ডল জানিয়েছেন, এবারে রবি মরশুমের জন্য আগামী ৫ জানুয়ারী থেকে পাঁচ ফেব্রুয়ারী পর্যন্ত জল দেওয়া হবে। বোরো চাষের জন্য পর্যায়ক্রমে জল দেওয়া হবে ২৬ জানুয়ারী থেকে ৩০ এপ্রিল পর্যন্ত।

কৃষি দপ্তর সূত্রে জানা গিয়েছে, পূর্ব বর্ধমান জেলায় গতবারে ১ লক্ষ ৭১ হাজার হেক্টর জমিতে বোরোর চাষ হয়েছিল। এবার আরো ৫ হাজার হেক্টর বেশি জমিতে বোরো লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

পাসপোর্ট জালিয়াতি মামলায় উত্তর ২৪ পরগনার দত্তপুকুর থানা এলাকা থেকে এক অভিযুক্তকে পুলিশ গ্রেফতার করেছে। জাগুলিয়া অঞ্চল থেকে ধৃত মোক্তার আলমকে আজ আলিপুর আদালতে তোলা হলে, আট দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়।

এর আগে ২০২১ সালে চুঁচুড়া থানার একটি মামলাতেও তাকে গ্রেফতার করা হয়েছিল। ধৃত মোক্তারের কাছ থেকে বেশ কয়েকটি এটিএম কার্ড, ভিন্ন নামে

থাকা প্যান কার্ড বাজেয়াপ্ত হয়েছে। ভুয়ো পাসপোর্ট মামলায় এই নিয়ে ৬ জনকে গ্রেফতার করা হল।

পুলিশের সন্দেহ, ভুয়ো নথিপত্রের মাধ্যমে জাল পাসপোর্ট বানিয়ে দিচ্ছে একটি চক্র। সম্প্রতি উত্তর ২৪ পরগনার বসিরহাট থেকেও জাল পাসপোর্ট মামলায় ধরপাকড়ও হয়েছে। গত নভেম্বর মাসের শেষের দিকে কলকাতার পার্ক স্ট্রিটের একটি হোটেল থেকে এক বাংলাদেশি নাগরিককে গ্রেফতার করে পুলিশ। ওই ব্যক্তির নাম সেলিম মাতব্বর। যদিও পাসপোর্টে তার নাম ছিল রবি শর্মা। সেই সূত্রেই জাল পাসপোর্ট কাণ্ড প্রকাশ্যে আসে।

পাসপোর্ট জালিয়াতি চক্র নিয়ে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, এর পেছনে বড় কোনো মাথা আছে। NIA-কে দিয়ে তদন্ত করা প্রয়োজন।

(বাইট- শুভেন্দু)

এদিকে, রাজ্য থেকে একের পর এক জঙ্গী গ্রেপ্তার হবার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন বিজেপির রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। বর্তমান রাজ্য সরকার, জনবিন্যাস পরিবর্তনের চেষ্টা চালাচ্ছে বলে তাঁর অভিযোগ।

(বাইট- সুকান্ত)

অন্যদিকে, রাজ্যে জঙ্গী অনুপ্রবেশ নিয়ে বিরোধীদের লাগাতার সমালোচনার জবাবে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেন, অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গ অনেক শান্ত আছে।

(বাইট- কুনাল)

পরপর কয়েকটি আগুন লাগার ঘটনায় রাজ্য সরকার, কলকাতা ও শহরতলীর বিভিন্ন ঘিঞ্জি ও বস্তি এলাকায় বিশেষ সচেতনতা প্রচারের উদ্যোগ নিয়েছে।

সমস্যাগুলি চিহ্নিত করে সমাধানের পথ বার করে বাসিন্দাদের সচেতন করা হবে।

এর জন্য একটি বিশেষ ম্যাপিং প্রক্রিয়া চালু করার বিষয় অগ্নি নির্বাপন দপ্তর

চিন্তাভাবনা করছে। বস্তি এলাকার সংকীর্ণ রাস্তা, জলের উৎস এবং অন্যান্য

সমস্যাগুলি এই ম্যাপিং-এ নথিভুক্ত করার পাশাপাশি দমকল ও পুলিশ বিভাগের মধ্যে যোগাযোগ আরো মজবুত করতে ডিভিশন স্তরে প্রতিমাসে বৈঠকের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। জরুরি তথ্য দ্রুত ভাগ করে নেওয়ার জন্য একটি হোয়াটসঅ্যাপ গ্রুপ'ও তৈরি করা হবে বলে খবর।

প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর আজ জন্মশতবর্ষটি আজ 'সুপ্রশাসন দিবস' হিসাবে পালিত হচ্ছে। জাতীয় রাজধানীতে আজ তাঁর সমাধি ক্ষেত্র 'সদৈব অটল'-এ শ্রদ্ধা নিবেদন করা হয়।

কলকাতায় বিজেপি সদর দপ্তরে 'সুপ্রশাসন দিবস' উপলক্ষ্যে দলের রাজ্য সভাপতি, কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার, প্রাক্তন প্রধানমন্ত্রীর প্রতি শ্রদ্ধাঞ্জলি পান করেন। দেশে সুপ্রশাসন নিশ্চিত করতে শ্রী বাজপেয়ী-ই বাংলাদেশ সীমান্তে কাঁটাতার দেওয়ার কাজ শুরু করেছিলেন বলেও সুকান্তবাবু উল্লেখ করেন।

West Bengal Doctors Forum, কলকাতার ডোরিনা ক্রসিং-এর নাম 'অভয়া ক্রসিং' করার দাবি জানিয়েছে। সংগঠনের সভাপতি ডাক্তার কৌশিক চাকি ও সম্পাদক ডাক্তার সঞ্জয় হোম চৌধুরী আজ এই প্রস্তাব নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, মেয়র ফিরহাদ হাকিম এবং মুখ্যসচিব মনোজ পন্থকে চিঠি দিয়েছেন।

বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে আজ পালিত হচ্ছে বড়দিন। যীশু খ্রীষ্টের জন্মদিন অর্থাৎ ক্রিস্টমাস ডে উদযাপনকে ঘিরে কলকাতা সহ গোটা রাজ্য উৎসবমুখর।

একটি প্রতিবেদন- (ভিসি- অভিরূপ)

বর্ষবরণে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানগুলি ঘুরিয়ে দেখানোর জন্য রাজ্য পরিবহন দপ্তর বিশেষ বাসের ব্যবস্থা করেছে।

বিভিন্ন রুটের ওইসব বাস নিকোপার্ক, ইকোপার্ক, সাইন্স সিটি, ময়দান, চিড়িয়াখানা, আলিপুর জেল মিউজিয়াম হয়ে চলাচল করবে। আজ'ও এই বাসগুলি চলছে। ২৯ এবং ৩১ শে ডিসেম্বর ছাড়াও পয়লা জানুয়ারি এই বিশেষ বাসগুলি পাওয়া যাবে।

এদিকে, বড়দিন উপলক্ষে অতিরিক্ত যাত্রী ভিড় সামাল দিতে মেট্রোরেল অধিক রাত পর্যন্ত ট্রেন চালাচ্ছে। কবি সুভাষ থেকে রাত এগারোটায় এবং দক্ষিণেশ্বর থেকে রাত ১০-৫৩ মিনিটে শেষ ট্রেন ছাড়বে বলে মেট্রোর তরফে এক বিজ্ঞপ্তি জানানো হয়েছে।

ওড়িশার সিমলিপাল থেকে ঝাড়খন্ড হয়ে এ রাজ্যে আসা বাঘিনী যাতে লোকালয়ের দিকে আসতে না পারে তার জন্য জঙ্গলের একাংশে জাল দিয়ে ঘিরে দিয়েছে বনদফতর।

গতকাল রাইকার জঙ্গলে বাঘিনীটি পাঁচটি ছাগলকে মেরে ফেলার পর উদলবনী, লেদাশোলের মত জঙ্গল লাগোয়া গ্রামগুলি নাইলনের জাল দিয়ে ঘেরার কাজ শুরু করে। জানা গেছে, সিমলিপাল থেকে আসা বাঘিনী এখনও ওই জঙ্গলেই রয়েছে। তাকে বাগে আনার জন্য বনকর্মীর সংখ্যাও বাড়ানো হয়েছে।

পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ে আগামী শুক্রবার (২৭ শে ডিসেম্বর) শুরু হচ্ছে সারা ভারত জনবিজ্ঞান নেটওয়ার্ক AIPSN আয়োজিত অষ্টাদশ সারা ভারত জনবিজ্ঞান কংগ্রেস। চলবে ৩০ তারিখ পর্যন্ত। এবারের মূল ভাবনা- 'জলবায়ু সহনশীল গণতান্ত্রিক স্বনির্ভর উন্নয়নের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি'।

আয়োজক কমিটির সাধারণ সম্পাদক অধ্যাপক প্রদীপ মহাপাত্র কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বলেন, বর্তমান সময়ের প্রেক্ষিতে জলবায়ু সহনশীল উন্নয়নের জন্য

বিজ্ঞান ও প্রযুক্তির প্রয়োগকে সুনিশ্চিত করতে এই জনবিজ্ঞান কংগ্রেস আয়োজন করা হয়েছে।

বড়দিনে দক্ষিণবঙ্গের আকাশের মুখ ভার। গতরাত থেকেই কলকাতা এবং আশপাশের এলাকায় বিক্ষিপ্তভাবে বৃষ্টি হচ্ছে। আজ কলকাতা ছাড়াও বৃষ্টি হতে পারে হাওড়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রামে। এ ছাড়া, আগামী শনিবার ও রবিবার পশ্চিম বর্ধমান, বীরভূম এবং মুর্শিদাবাদে বৃষ্টি হতে পারে। এই সব জেলাতেই সামান্য বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

নাগপুরে আজ অনূর্ধ্ব ২৩ এক দিনের ক্রিকেটে বাংলা ৩২ রানে মহারাষ্ট্রকে হারিয়ে দিয়েছে। বাংলা প্রথমে ব্যাট করে ১৯১ রান তোলে। শুভম সিং ৭৪ রান করেছেন। জবাবে মহারাষ্ট্রের ইনিংস ১৫৯ রানে শেষ হয়ে যায়। সুখমিত সিং চারটি উইকেট নিয়েছেন।

তেলেঙ্গানায় আগামীকাল জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির কোয়ার্টার ফাইনালে বাংলা, ওড়িশার বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে দুপুর আড়াইটেয়। বাংলা পাঁচ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে গ্রুপ এ-তে চ্যাম্পিয়ন হয়ে শেষ আটে পৌঁছেছে। অন্যদিকে ওড়িশা পাঁচ ম্যাচে ৫ পয়েন্ট পেয়ে গ্রুপ বি, তে চতুর্থ স্থানে থাকার সুবাদে কোয়ার্টার ফাইনালে উঠেছে। কাল সন্ধ্যা সাড়ে সাতটায় অন্য কোয়ার্টার ফাইনালে মণিপুর, দিল্লির মুখোমুখি হবে।

মোহনবাগান সুপার জায়ান্ট আগামীকাল আইএসএল ফুটবলে পাঞ্জাব এফ সি, র মুখোমুখি হবে। দিল্লির জওহরলাল নেহরু স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। মোহনবাগান ১২ ম্যাচে ২৬ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার শীর্ষে আছে। সপ্তম স্থানে থাকা পাঞ্জাব এফ সি ১১ ম্যাচে পয়েন্ট ১৮।
